রেজিস্টার্ড নং ডি এ-১


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০০৯


## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ শে ফেব্রুয়ারি, ২০০৯/১২ই ফাল্গুন, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪শে ফেব্রুয়ারি, ২০০৯ (১২ই ফাল্গুন, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

### ২০০৯ সনের ৩নং আইন

**২০০৮ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন।**

যেহেতু ২০০৮ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) (২০০৭-০৮ অর্থ বৎসর) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ১৬ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

Scanned with CamScanner

২। **২০০৭-২০০৮ অর্থ-বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৮৪০৫,৯৩,২০,০০০ টাকা প্রদান।**—এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদি নির্বাহের উদ্দেশ্যে ২০০৮ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে যে সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সে সকল ব্যয় নির্বাহের জন্য উক্ত তফসিলের কলাম ৫ এ উল্লিখিত আঠার হাজার চারশত পাঁচ কোটি তিরানব্বই লক্ষ বিশ হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৮ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কিছু অংশ সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইল।

৪। **রহিতকরণ।**—(১) নির্দিষ্টকরণ (সম্পূরক) অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৩৫নং অধ্যাদেশ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত অধ্যাদেশের অধীনে কৃত বা গৃহীত ব্যবস্থাদি এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

### তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরী নম্বর | মন্ত্রণালয়/বিভাগ/কার্য ও উদ্দেশ্যসমূহ (হিসাবের প্রধান খাতসমূহ) | | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|---|
| | | | দায়যুক্ত ব্যয় | মঞ্জুরী দাবী (অন্যান্য ব্যয়) | মোট |
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ |
| | অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় | | | | |
| | ০১ | রাষ্ট্রপতির কার্যালয় | ৯৮,২৩ | ০ | ৯৮,২৩ |
| ০১ | ০২ | জাতীয় সংসদ | ০ | ১,৮৯,০০ | ১,৮৯,০০ |
| ৪৮ | ০৬ | নির্বাচন কমিশন সচিবালয় | ০ | ৪১১,২২,০০ | ৪১১,২২,০০ |
| ০৪ | ০৭ | সংস্থাপন মন্ত্রণালয় | ০ | ৪৮,৯৬,২৮ | ৪৮,৯৬,২৮ |
| ০৫ | ০৮ | সরকারী কর্ম কমিশন | ৩৩,০১ | ৯৯,০০ | ১,৩২,০১ |
| ০৬ | ০৯ | অর্থ বিভাগ | ৬২৬৭,৫৯,৫৫ | ৬১৮৩,০২,৬৯ | ১২৪৫০,৬২,২৪ |
| ০৭ | ১১ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ৬৮,৫৪,৫৬ | ৬৮,৫৪,৫৬ |
| ০৮ | ১৩ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ২২৫,০০,০০ | ২৫,৮১,৩০ | ২৫০,৮১,৩০ |
| ০৯ | ১৪ | পরিকল্পনা বিভাগ | ০ | ১১,৬১,৭১ | ১১,৬১,৭১ |
| ১০ | ১৫ | বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ৫৬,৩২ | ৫৬,৩২ |

Scanned with CamScanner

| ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|
| ১৭ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৫,৬৯,৮৭ | ৫,৬৯,৮৭ |
| ১৮ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৪৫,৮১,৬০ | ৪৫,৮১,৬০ |
| ১৯ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ৪৩০,১৬,২৫ | ৪৩০,১৬,২৫ |
| ২১ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫০,৭৪,৯৪ | ৫০,৭৪,৯৪ |
| ২২ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ২,৮৭ | ৩৫৬,০১,৪৯ | ৩৫৬,০৪,৩৬ |
| ২৪ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ১৫,২১,২৯ | ১৫,২১,২৯ |
| ২৭ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ০ | ৩৪,৮৩,৯৯ | ৩৪,৮৩,৯৯ |
| ২৯ | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ০ | ১,১৬,১৭ | ১,১৬,১৭ |
| ৩০ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২৯৮,৩২,৯৫ | ২৯৮,৩২,৯৫ |
| ৩১ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ২,৬৩,০০ | ২,৬৩,০০ |
| ৩২ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৭৯,০৩,০০ | ৭৯,০৩,০০ |
| ৩৪ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১,৯২,৪৭ | ১,৯২,৪৭ |
| ৩৫ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫,৪৪,০৫ | ৫,৪৪,০৫ |
| ৩৬ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ৯,৬০,৪৯ | ৯,৬০,৪৯ |
| ৩৭ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৪২,৩০,৭১ | ৪২,৩০,৭১ |
| ৩৮ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ৬৭,১৩,০০ | ৬৭,১৩,০০ |
| ৩৯ | শিল্প মন্ত্রণালয় | ০ | ১৪,৪২ | ১৪,৪২ |
| ৪১ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৩৬,৫০,৬৫ | ৩৬,৫০,৬৫ |
| ৪২ | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ৯৮,৯২ | ৯৮,৯২ |
| ৪৩ | কৃষি মন্ত্রণালয় | ০ | ১৮৫৯,২৫,৩৮ | ১৮৫৯,২৫,৩৮ |
| ৪৪ | মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় | ০ | ২৩,১৫,৭৫ | ২৩,১৫,৭৫ |
| ৪৫ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ২৬,২১,২১ | ২৬,২১,২১ |
| ৪৬ | ভূমি মন্ত্রণালয় | ০ | ৬,৪৩,০০ | ৬,৪৩,০০ |
| ৪৭ | পানিসম্পদ মন্ত্রণালয় | ০ | ১৪৩,০১,৯৪ | ১৪৩,০১,৯৪ |
| ৪৮ | খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | ০ | ১১১৩,৯২,২৩ | ১১১৩,৯২,২৩ |

Scanned with CamScanner

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৩৯ | ৫০ | সড়ক ও রেলপথ বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়) | ১৮,৮৮ | ১৮৯,৭৭,৬৮ | ১৮৯,৯৬,৫৬ |
| ৪০ | ৫২ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ২,২৬,৮৭ | ২,২৬,৮৭ |
| ৪১ | ৫৩ | বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | ০ | ১,৮৫,০০ | ১,৮৫,০০ |
| ৪২ | ৫৪ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ৬,৭৯,৪৭ | ২১৩,৩৮,৫৪ | ২২০,১৮,০১ |
| ৪৩ | ৫৫ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫১,৬৭,৭৯ | ৫১,৬৭,৭৯ |
| | ৬১ | সুপ্রীম কোর্ট | ১,০৮,৩৯ | ০ | ১,০৮,৩৯ |
| ৪৫ | ৬৩ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১,২৩,৭৬ | ১,২৩,৭৬ |
| ৪৬ | ৬৫ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ২০,২০,২৫ | ২০,২০,২৫ |
| ৪৭ | ৬৭ | দুর্নীতি দমন কমিশন | ০ | ১৫,২১,২৮ | ১৫,২১,২৮ |
| | | মোট সম্পূরক বরাদ্দ দাবী ঃ | ৬৫০২,০০,৪০ | ১১৯০৩,৯২,৮০ | ১৮৪০৫,৯৩,২০ |

আশফাক হামিদ
সচিব।

নিতাই পদ দাস (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক [illegible]

Scanned with CamScanner